বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/৬ - ১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স- ০৯৬০৬২৪৮২৪৮

ওয়েবঃ www.bsmrmu.edu.bd, ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd

বিজ্ঞপ্তি নম্বরঃ বিএসএমআরএমইউ/রেজি-৩৩৬/১৮/০২ তারিখঃ ০১/০৬/২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৩ সনের ৪৭ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে:

ক্রমিক নং	পদের নাম (বেতনক্রম), পদসংখ্যা	সর্বোচ্চ বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	উপ-পরিচালক (অর্থ ও হিসাব) ৪৩,০০০-৬৯,৮৫০/- - ০১ (এক) জন	৪০ বৎসর	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান/ফাইন্যান্স/মার্কেটিং/ম্যানেজমেন্ট/ব্যবসায় শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) অভিজ্ঞতা: কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সহকারী পরিচালক (অর্থ ও হিসাব/বাজেট/অডিট)/সমমানের পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে মোট ১০ বৎসরের চাকুরির অভিজ্ঞতা; (গ) সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
২.	সহকারী রেজিস্ট্রার (২৯,০০০-৬৩,৪১০/-) - ০১ (এক) জন	৩৫ বৎসর	(ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) **অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা অথবা প্রশাসন সংক্রান্ত কাজে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ মোট ৫ বৎসর চাকুরির অভিজ্ঞতা; (গ) সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
৩.	সহকারী পরিদর্শক (একাডেমি বা ইনস্টিটিউট) ২৯,০০০-৬৩,৪১০/- - ০১ (এক) জন	৩৫ বৎসর	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) অভিজ্ঞতা: কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন সংক্রান্ত কাজে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ মোট ৫ বৎসর চাকুরির অভিজ্ঞতা; (গ) সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণ আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
৪.	সহকারী এস্টেট অফিসার (১৬০০০ - ৩৮,৬৪০/-) - ০১ জন	৩০ বৎসর	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/সমমান ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) অভিজ্ঞতা: কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে নূন্যতম ৪ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। (গ) সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
৫.	পিএ (১২৫০০-৩০২৩০/-) - ০২ (দুই) জন	৩০ বৎসর	(ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি। সেক্রেটারিয়াল সায়েন্সে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থী অগ্রাধিকারযোগ্য। (খ) **অভিজ্ঞতা: (১)** শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ইংরেজিতে কমপক্ষে ৮০ শব্দ ও বাংলায় ৬০ শব্দ এবং টাইপে প্রতি মিনিটে ইংরেজিতে কমপক্ষে ৪০ শব্দ ও বাংলায় ৩০ শব্দের গতি; (২) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ এবং অফিস পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কম্পিউটার ব্যবহারিক প্রোগ্রাম যেমন, এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে; (৩) কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নিম্নমান সহকারী/সমমানের পদে ৩ বৎসরের চাকুরির অভিজ্ঞতা থাকিতে হইবে; (গ) সমযোগ্যতা সম্পন্ন **অভিজ্ঞ** সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
৬.	ল্যাবরেটরি টেকনিশিয়ান (পদার্থ) ১১,০০০-২৬,৫৯০/- - ০১ জন	৩০ বৎসর	(ক) শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পাস। সংশ্লিষ্ট বিষয়ে কোনো ভোকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট হতে ট্রেড কোর্স সম্পন্নকারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে; (গ) সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।

৭.	ল্যাবরেটরি টেকনিশিয়ান (রসায়ন) ১১,০০০-২৬,৫৯০/- - ০১ জন	৩০ বৎসর	(ক) **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পাস। সংশ্লিষ্ট বিষয়ে কোনো ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট হতে ট্রেড কোর্স সম্পন্নকারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য; (খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে; (গ) সময়োগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়ঃসীমা শিথিলযোগ্য।
৮.	অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- -০২ জন	৩০ বৎসর	(ক) **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ; (খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

শর্তাবলী:

১। অগ্রহী প্রার্থীদের স্বহস্তে পূরণকৃত আবেদনপত্র ১০ জুলাই ২০১৮ তারিখ এর মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের এর মধ্যে পৌঁছাইতে হইবে। আবেদন ফরম সমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.bsmrmu.edu.bd বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রার্থীর বর্তমান ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে।

২। বিএসএমআরএমইউ জেনারেল ফান্ড-এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হইতে ১-৩ নং পদের জন্য ৮০০/০০ (আটশত), ৪ নং পদের জন্য ৫০০/০০ (পাঁচশত), ৫-৮ নং পদের জন্য ২০০/০০ (দুইশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।

৩। প্রার্থীকে আবেদনপত্রের সহিত সদ্যতোলা ৫ সে.মি. x ৫ সে.মি. সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি এবং অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি ব্যতীত অন্য কোন কাগজপত্র জমা প্রদান করিতে হইবে না। তবে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে/বাছাই বোর্ডের সাক্ষাৎকারের পূর্বে প্রয়োজনীয় কাগজ পত্র জমা প্রদান করিতে হইবে।

৪। মুক্তিযোদ্ধা,শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে/বাছাই বোর্ডের সাক্ষাৎকারের পূর্বে জমা প্রদান করিতে হইবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হইবে।

৫। আবেদন পত্র জমাদানের সর্বশেষ তারিখে প্রার্থীর বয়ঃসীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে নির্ধারিত বয়সসীমা বিধিমতে শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর পদে আবেদনের জন্য বয়ঃসীমা প্রযোজ্য নহে। বিভাগীয় প্রার্থী বলিতে এই বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট পদে কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারী।

৬। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। অসম্পূর্ণ,ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৭। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজী বিধায় প্রার্থীর ইংরেজীতে পারদর্শীতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হইবে।

৮। আধা-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার ক্ষেত্রে নূন্যতম স্নাতক ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরির অভিজ্ঞতা গ্রহণযোগ্য হইবে।

৯। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

১০। গ্রেডিং পদ্ধতির সঙ্গে বিভাগ/শ্রেণির সমতাকরণের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার জিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের-শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ মার্চ ২০১০ এবং বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সিজিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ জুন ২০০৯-এর (২) (ক), (খ) ও (গ) অনুসৃত হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।

১১। **চাকুরীরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।**

১২। ৪,৬ এবং ৭ নং পদে ইতিপূর্বে আবেদনকৃত প্রার্থীদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই।

১৩। উপরেল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি পাইতে পারে।

রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ